বাংলাদেশ
বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

University Grants Commission of Bangladesh

আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

website: www.ugc.gov.bd

ইউজিসি স্বর্ণপদক নীতিমালা

০১ জানুয়ারি থেকে ৩১ ডিসেম্বরের মধ্যে প্রকাশিত মৌলিক ও গবেষণাভিত্তিক প্রবন্ধ এবং পুস্তকের জন্য প্রতিবছর একবার নিম্নোক্ত বিভাগ/শাখায় নির্দিষ্ট সংখ্যক ইউজিসি স্বর্ণপদক প্রদান করা হবে।

১। পুস্তক বিভাগ :

(ক) যেকোন বিষয়ে স্নাতক/স্নাতকোত্তর পর্যায়ের পাঠ্যপুস্তকের জন্য ২টি

(খ) যেকোন বিষয়ে উচ্চশিক্ষা সম্পর্কিত গবেষণামূলক/পর্যালোচনামূলক পুস্তকের জন্য ১টি

২। স্বীকৃত জার্নালে প্রকাশিত Peer Reviewed প্রবন্ধের জন্য নিম্নোক্ত বিভিন্ন শাখায় মোট ২০টি :

(১) কলা	: ১টি
(২) চারুকলা	: ১টি
(৩) আইন ও শিক্ষা	: ১টি
(৪) সামাজিক বিজ্ঞান	: ২টি
(৫) বিজনেস স্টাডিজ	: ১টি
(৬) জীব বিজ্ঞান	: ৩টি
(৭) বন, কৃষি ও পরিবেশ বিজ্ঞান	: ২টি
(৮) ভৌত বিজ্ঞান	: ২টি
(৯) গাণিতিক	: ১টি
(১০) প্রকৌশল ও প্রযুক্তি	: ২টি
(১১) চিকিৎসা বিজ্ঞান	: ২টি
(১২) ফার্মাসিউটিক্যাল	: ১টি
(১৩) স্থাপত্য ও পরিকল্পনা	: ১টি

৩। পাবলিক ও প্রাইভেট বিশ্ববিদ্যালয়ের পূর্ণকালীন শিক্ষক ইউজিসি স্বর্ণপদকের জন্য আবেদন করতে পারবেন। তাঁকে অবশ্যই বাংলাদেশি নাগরিক হতে হবে।

৪। বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের নির্ধারিত প্রোফর্মায় myGov-এ আবেদন করতে হবে। অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

৫। পুস্তকের জন্য সফটকপিসহ ৪ কপি এবং প্রবন্ধের জন্য প্রকাশনার সফটকপিসহ ৬ কপি হার্ডকপি আবেদনপত্রের সাথে কমিশনে জমা দিতে হবে।

৬। শুধুমাত্র বর্ণনা ও জরিপমূলক, অনুবাদ বা সম্পাদনাকর্ম এবং Review Article, ইন্সটিটিউট, একাডেমি, সোসাইটি, সমিতি কর্তৃক পত্রিকায়/স্যুভেনির-এ প্রকাশিত (পর্যালোচনামূলক প্রবন্ধ/পুস্তক) স্বর্ণপদকের জন্য বিবেচিত হবেনা।

৭। দেশীয় সমস্যা সম্পর্কিত এবং দেশের মধ্যে সম্পাদিত গবেষণা কর্মের প্রকাশনাকে অগ্রাধিকার দেয়া হবে।

৮। ডিগ্রি অর্জনের জন্য গবেষণাকর্মের ভিত্তিতে রচিত প্রবন্ধ/পুস্তক ইউজিসি স্বর্ণপদকের জন্য বিবেচিত হবে না।

৯। যৌথ প্রকাশনার ক্ষেত্রে Corresponding Author/ First Author/Last Author সকল Co-author-দের সম্মতিসহ আবেদন করতে পারবেন। পুস্তকের ক্ষেত্রে লেখকদের যৌথভাবে আবেদন করতে হবে।

১০। একজন আবেদনকারী একই বিভাগে একের অধিক আবেদন করতে পারবেন না। একের অধিক আবেদন করলে তাঁর সকল আবেদন বাতিল বলে গণ্য হবে।

১১। সকল আবেদনকারীকে বিগত ৫ বছরের প্রকাশনার তালিকা যথাযথ রেফারেন্সসহ আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

১২। ইউজিসি স্বর্ণপদকের জন্য আবেদনকারী এই পদক সংক্রান্ত কোনো কর্মকান্ডের সঙ্গে সংশ্লিষ্ট হতে পারবেন না।

১৩। আবেদনকারীকে আবেদন করার সময় (অনধিক) ১৫০ শব্দের মধ্যে প্রকাশনার সারসংক্ষেপের সফটকপি (বাংলা ও ইংরেজিতে) সংযুক্ত করতে হবে।

১৪। চারুকলার ক্ষেত্রে আবেদনকারীকে বিগত ৫ বছরের প্রকাশনা, প্রদর্শনীর সিডি ও ক্যাটালগ সংযুক্ত করতে হবে।

১৫। স্থাপত্যের ক্ষেত্রে আবেদনকারীকে বিগত ৫ বছরের পোর্টফলিও সংযুক্ত করতে হবে।

১৬। দু'জন বিশেষজ্ঞের প্রদত্ত নম্বরের পার্থক্য যদি ২০ এর অধিক হয় তবে ৩য় বিশেষজ্ঞের মতামত নিতে হবে। সেক্ষেত্রে ৩য় বিশেষজ্ঞের প্রদত্ত নম্বরের কাছাকাছি/সন্নিকটের নম্বরটি বিবেচিত হবে।

১৭। একজন আবেদনকারী সর্বোচ্চ ২ বার ইউজিসি স্বর্ণপদক এর জন্য বিবেচিত হতে পারবেন।

১৮। উপদেষ্টা কমিটি আবেদনপত্রসমূহ মূল্যায়নের নিমিত্ত প্রতিটি শাখার জন্য ৫ থেকে ৭ সদস্যবিশিষ্ট উপ-কমিটি গঠন করবেন। উপ-কমিটি প্রয়োজনে অনধিক দু'জন সদস্য কো-অপট করতে পারবেন।

১৯। ইউজিসি স্বর্ণপদক Advisory কমিটি কর্তৃক প্রাথমিকভাবে বিবেচিত আবেদনপত্রসমূহ সংশ্লিষ্ট উপ-মিটিতে প্রেরণ করা হবে। উপ-কমিটির আহবায়কগণ নির্দিষ্ট সময়সীমার মধ্যে ইউজিসি-তে সভা অনুষ্ঠানের ব্যবস্থা গ্রহণ করবেন।

২০। প্রতিটি উপ-কমিটি নিজ নিজ শাখার জন্য একটি আলাদা মেধাতালিকা প্রণয়ন করে পরবর্তী Advisory কমিটিতে উপস্থাপন করবেন। Advisory কমিটি প্রতিটি শাখার মনোনয়ন চূড়ান্ত করবেন।

২১। আবেদনকারীকে আবেদন করার সময় (অনধিক) ২০০ শব্দের মধ্যে একাডেমিক কার্যক্রমের উপর গুরুত্বারোপ করে জীবন-বৃত্তান্তের সফটকপি (বাংলা ও ইংরেজিতে) এবং সাম্প্রতিক কালের তোলা ২ কপি রঙ্গিন ছবিসহ সংযুক্ত করতে হবে।

২২। কোন বছর কোন বিভাগ/শাখায় উপযুক্ত মানের প্রকাশনা পাওয়া না গেলে সে বিভাগ/শাখায় স্বর্ণপদক প্রদান করা হবে না।

২৩। পাঠ্য পুস্তকের ক্ষেত্রে:
- ক. পুস্তকটি দেশের কোন কোন বিশ্ববিদ্যালয়ে পড়ানো হচ্ছে তার একটি তালিকা আবেদনকারীকে প্রমাণপত্রসহ সংযুক্ত করতে হবে।
- খ. কোন রি-প্রিন্ট গ্রহণযোগ্য হবে না। যে বছর ইউজিসি স্বর্ণপদক প্রদান করার জন্য আবেদন আহবান করা হবে পুস্তকের প্রকাশনাকাল সে বছরের হতে হবে।

২৪। প্রবন্ধের ক্ষেত্রে:
- ক. প্রবন্ধটি কোথায়, কবে, কোন বিশ্ববিদ্যালয় থেকে, কোন জার্নালে এবং কোন প্রকাশনা সংস্থা কর্তৃক প্রকাশিত হয়েছে তার (ওয়েবসাইট, ফোন, ই-মেইল, ফ্যাক্স, হালনাগাদ ইমপ্যাক্ট ফ্যাক্টর ও উদ্ধৃতিইত্যাদি) বিবরণ সংযুক্ত করতে হবে।
- খ. অন-লাইন প্রকাশনা গ্রহণযোগ্য নয়।

২৫। প্রবন্ধের জন্য প্রত্যেক স্বর্ণপদক প্রাপ্তকে নগদ ৭৫,০০০/- (পঁচাত্তর হাজার) এবং পুস্তকের জন্য ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা প্রদান করা হবে। তাছাড়াও প্রত্যেক পদকভূষিত ব্যক্তিকে ২২ ক্যারট মানের ১০ গ্রাম (আনুমানিক) স্বর্ণ সম্বলিত একটি পদক প্রদান করা হবে।

২৬। ইউজিসি স্বর্ণপদক প্রদান সংক্রান্ত বিষয়ে কমিশন কর্তৃপক্ষ যেকোন সিদ্ধান্ত নেওয়ার ক্ষমতা সংরক্ষণ করেন।

২/০৮/২০২২

দেওয়ান গোলাম সারোয়ার
উপ-পরিচালক, রিসাপা, ইউজিসি
ও
সদস্য-সচিব, সংশ্লিষ্ট কমিটি

০২/০৮/২২

প্রফেসর ড. মোঃ সাজ্জাদ হোসেন
সদস্য, ইউজিসি
ও
আহ্বায়ক, সংশ্লিষ্ট কমিটি